



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd



এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২

তারিখঃ আষাঢ় ০৬, ১৪২৯
জুন ২০, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত
ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-০৮, তারিখঃ ১৭/০৮/২০২১ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯, তারিখঃ ০৪/০৮/২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটার এর মাধ্যমে সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে উৎসাহ প্রদানের লক্ষ্যে যথাসময়ে ঋণ/বিনিয়োগ পরিশোধের জন্য ১% প্রণোদনা প্রদানসহ মাত্র ৫% সুদে ঋণ সুবিধা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কাজক্ষিত গ্রাহকগণকে অত্র প্রণোদনা স্কীমের আওতায় ঋণ সুবিধা প্রদানে যথাযথ ভূমিকা রাখতে সক্ষম হচ্ছে না। যার ফলে আগ্রহী ঋণগ্রহীতাগণ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত এ সুবিধা গ্রহণে বঞ্চিত হচ্ছেন। উল্লেখ্য, কিছু কিছু ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বর্ণিত প্রণোদনার সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে যোগ্য গ্রাহক নির্ধারণে অসুবিধার সম্মুখীন হচ্ছে মর্মে বাংলাদেশ ব্যাংক-এর গোচরীভূত হয়েছে।

০৩। এক্ষণে, সূত্রোল্লিখিত সার্কুলারের আওতায় সুবিধাপ্রাপ্ত গ্রাহক চিহ্নিতকরণে সৃষ্ট জটিলতা/অসুবিধা দূরীকরণে এ মর্মে জানানো যাচ্ছে যে, এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর মাধ্যমে 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম' শিরোনামে যে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে তার আওতায় এখন থেকে শুধুমাত্র নারী উদ্যোক্তাগণই ঋণ সুবিধা ও বর্ণিত প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবেন। অত্র স্কীমের আওতায় ঋণগ্রহীতা পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৫% এবং যথাযথভাবে ও নির্ধারিত সময়ে পরিশোধ/সমন্বয় করার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে বর্ণিত গ্রাহকগণ ১(এক) শতাংশ হারে ইনসেন্টিভ সুবিধা প্রাপ্ত হবেন। এতদ্ব্যতীত যথাযথভাবে ঋণ ব্যবস্থাপনা করার দায়িত্বপ্রাপ্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানও ১(এক) শতাংশ হারে প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবে।

০৪। এ স্কীমের আওতায় প্রণোদনার অর্থ প্রাপ্তির লক্ষ্যে সংযুক্ত "নমুনা ফর্ম" অনুযায়ী আবেদনপত্র দাখিল করতে হবে। এতদ্ব্যতীত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: ০২ (দুই)

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকের হোসেন)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোনঃ ৯৫৩০৫০২

নমুনা আবেদন পত্র

সূত্র নম্বরঃ

তারিখঃ-----

মহাব্যবস্থাপক
এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

মহোদয়,

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এসএমইএসপিডি সার্কুলার নম্বর-৮/২০২১ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নম্বর ০২/২০২২ এর আওতায় সংশ্লিষ্ট সকল বিধিবিধান পরিপূর্ণভাবে পরিপালনপূর্বক সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে ১ জুলাই, ২০২১ হতে অদ্যাবধি মোট -----(কথায়ঃ টাকা-----) অর্থায়ন করা হয়েছে। উক্ত অর্থায়নের বিপরীতে দাবীকৃত প্রণোদনার বিস্তারিত বিবরণ নিম্নে উল্লেখ করা হলোঃ

ত্রৈমাসের নামঃ

| ঋণ/বিনিয়োগের ধরণ | ঋণ বা বিনিয়োগের পরিমাণ/সীমা | আলোচ্য ঋণের বিপরীতে 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম' হতে গৃহীত পুনঃঅর্থায়নের পরিমাণ | মোট দাবীকৃত প্রণোদনার পরিমাণ | গ্রাহকের বিপরীতে দাবীকৃত প্রণোদনার পরিমাণ | মন্তব্য |
|-------------------|------------------------------|---|------------------------------|---|---------|
| মেয়াদী ঋণ | | | | | |
| চলমান ঋণ* | | | | | |
| মোট | | | | | |

* চলমান ঋণের ক্ষেত্রে ফান্ডেড অংশের বিপরীতে প্রণোদনা হিসাবায়ন করা হয়েছে।

এমতাবস্থায়, সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে ----- ত্রৈমাসে মোট----- (কথায়ঃ টাকা-----) প্রণোদনা সুবিধা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত

সংযুক্তঃ সংযোজনী ক-২

(-----)

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/বিদেশী ব্যাংক
এর ক্ষেত্রে বাংলাদেশ অপারেশনের প্রধান
ফোন নম্বরঃ
ই-মেইলঃ

